



সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ও বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজিসমূহে  
ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আওতাধীন সকল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্রাস এন্ড সিরামিক, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট (কুমিল্লা), রাজশাহী সার্ভে ইনস্টিটিউট, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (বগুড়া), নেক্টার (বগুড়া) এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ সমূহে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেস্টাইল ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-টুরিজম এন্ড হসপিটালিটি কোর্সে ১ম ও ২য় শিফটে ছাত্র/ছাত্রী ভর্তি এবং বিএমইটি পরিচালিত বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজিতে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেরিন, শিপ বিল্ডিং টেকনোলজিতে অন-লাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

২.০ ভর্তির সময়সূচি :

অন-লাইনে আবেদনের সময়সীমা	মাইগ্রেশন	ফলাফল প্রকাশ (SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে)	অনলাইন ভর্তি নিশ্চায়ন ফি ৩৮৫/- টাকা (বিকাশ/রকেট/শিউরক্যাশ) প্রেরণের তারিখ	সরকারি পলিটেকনিক/টিএসসি/ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি তে স্ব-শরীরে ভর্তির সময়
০৯ আগস্ট ২০২০ হতে ২৬ আগস্ট ২০২০ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত)	-----	৩০ আগস্ট ২০২০ (১ম পর্যায়)	৩১ আগস্ট ২০২০ হতে ০৪ সেপ্টেম্বর ২০২০	শিক্ষার্থীদের সরকারি পলিটেকনিক/টিএসসি/ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি তে মূল নম্বরপত্র, ছবি (৩ কপি), প্রশংসাপত্র (ফটোকপি) জমা প্রদান সাপেক্ষে ২৩/০৯/২০২০ হতে ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে প্রাতিষ্ঠানিক ভর্তি সম্পন্ন করতে হবে।
০৫ সেপ্টেম্বর ২০২০ হতে ০৮ সেপ্টেম্বর ২০২০ (রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত)	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশন ১০ সেপ্টেম্বর ২০২০	১১ সেপ্টেম্বর ২০২০ (২য় পর্যায়)	১১ সেপ্টেম্বর ২০২০ হতে ১৪ সেপ্টেম্বর ২০২০	
১৫ সেপ্টেম্বর ২০২০ হতে ১৮ সেপ্টেম্বর ২০২০ (রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত)	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশন ২০ সেপ্টেম্বর ২০২০	২১ সেপ্টেম্বর ২০২০ (৩য় পর্যায়)	২১ সেপ্টেম্বর ২০২০ হতে ২২ সেপ্টেম্বর ২০২০	

[ বি: দ্র: ২৩/০৯/২০২০ হতে ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে প্রতিষ্ঠানে স্ব-শরীরে ভর্তি না হলে, অনলাইন ভর্তি বাতিল বলে গণ্য হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে ০১/১০/২০২০ হতে ১০/১০/২০২০ এর মধ্যে অপেক্ষামান তালিকা হতে ভর্তি করা হবে। যেসকল শিক্ষার্থী অপেক্ষামান তালিকা হতে ভর্তি নিশ্চায়ন সম্পন্ন করবে, তারা ভর্তি নিশ্চায়নের শেষ তারিখ হতে পরবর্তী ০৫ কার্য দিবসের মধ্যে সরকারি পলিটেকনিক/টিএসসি/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি তে সরাসরি স্ব-শরীরে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনা সাপেক্ষে ক্লাস আরম্ভের তারিখ পরবর্তীতে ওয়েবসাইটে ও এসএমএস এর মাধ্যমে জানানো হবে। ]

৩.০ ভর্তির শিক্ষাগত যোগ্যতা :

৩.১	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টুরিজম এন্ড হসপিটালিটি, ডিপ্লোমা ইন মেরিন	সকল শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি/ দাখিল/এসএসসি(ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) / সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ছেলেদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা অথবা 'ও' লেভেলে যেকোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড পেয়ে উত্তীর্ণ যে কোন বয়সের শিক্ষার্থীরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। জিপিএ পদ্ধতি চালুর পূর্বে এসএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগপ্রাপ্ত উত্তীর্ণ যে কোন বয়সের শিক্ষার্থী আবেদন করতে পারবে।
-----	--	--

৪.০ আবেদনের পদ্ধতি ও নিয়মাবলী :

৪.১ ভর্তিচ্ছু প্রার্থীকে অন-লাইনে ১ম ও ২য় শিফটের যে কোন এক শিফটের জন্য আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) অথবা উভয় শিফটে আবেদনের জন্য আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত টাকা) প্রথমে টেলিটক/রকেট/শিউরক্যাশ/বিকাশ এর মাধ্যমে জমা দিতে হবে। অতঃপর [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) অথবা [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) অথবা [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd) অথবা [www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd) ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম (Application form) যথাযথভাবে পূরণ করতে হবে। ফরম পূরণের ন্যূনতম ১ ঘণ্টা পূর্বে টেলিটক/রকেট/বিকাশ/শিউরক্যাশ এর মাধ্যমে টাকা জমা দিতে হবে। অনলাইন ভর্তির নিশ্চায়ন ফি ৩৮৫/- (রকেট/বিকাশ/শিউরক্যাশ এর মাধ্যমে) টাকা অনুচ্ছেদ ২.০ এ উল্লিখিত নির্ধারিত সময়ে জমা দিতে হবে।

৪.২ ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সহ সকল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজের ওয়েবসাইটে পাওয়া যাবে।

৫.০ অনলাইনে ফি জমা দেয়ার পদ্ধতি :

৫.১ রকেট/শিউরক্যাশ/বিকাশ এর মাধ্যমে ফি জমা দেয়ার পদ্ধতি :

রকেটের জন্য প্রয়োজ্য	শিউরক্যাশের জন্য প্রয়োজ্য	বিকাশের জন্য প্রয়োজ্য
*322# ডায়াল করতে হবে। ধাপ-১ : Bill Pay নির্বাচন করতে হবে। ধাপ-২ : Successful SMS পাওয়ার জন্য নিজ রকেট একাউন্ট হলে Self/অন্য রকেট একাউন্ট হলে Other নির্বাচন। ধাপ-৩ : যোগাযোগের জন্য মোবাইল নম্বর দিতে হবে। ধাপ-৪ : Other নির্বাচন করতে হবে। ধাপ-৫ : Biller ID (288) ইনপুট দিতে হবে। ধাপ-৬ : Bill Number: <শিফট><পাসের সন><বোর্ড কোড><রোল নম্বর>এন্ট্রি দিতে হবে (স্পেস দেওয়ার প্রয়োজন নেই)। ধাপ-৭ : Amount #150/300 টাকা এন্ট্রি দিতে হবে। ধাপ-৮ : Pin Number চাইলে ঐ রকেট একাউন্টের পিন নম্বর প্রদান করতে হবে। Payment সফল হলে TXN নাম্বার সহ Successful SMS প্রদর্শিত হবে।	ধাপ-১: মেনু পেতে *495# ডায়াল করে, 3 টাইপ করে রিপ্লাই দিয়ে PAYMENT অপশন নির্বাচন করতে হবে। ধাপ-২: পেমেন্ট Keyword: DTE লিখতে হবে। ধাপ-৩: স্টুডেন্ট এর আইডি লিখতে হবে: <শিফট><পাসের সন><বোর্ড কোড><রোল নম্বর> ধাপ-৪: স্টুডেন্ট এর মোবাইল নাম্বার লিখতে হবে। ধাপ-৫: মোবাইলে Due Amount 150/300 টাকা প্রদর্শিত হবে, শিউরক্যাশ মোবাইল একাউন্টের পিন নম্বর প্রদান করতে হবে। পেমেন্ট সফল হলে TXN নাম্বার সহ Successful Message প্রদর্শিত হবে।	ধাপ-১: বিকাশ অ্যাপ ডাউনলোড করতে হবে। ধাপ-২ : বিকাশ অ্যাপে প্রবেশ করতে হবে। ধাপ-৩ : Pay Bill নির্বাচন করতে হবে। ধাপ-৪: Organization Type থেকে Education নির্বাচন করতে হবে। ধাপ-৫ : Education নির্বাচন করার পর DTE লিখে সার্চ করতে হবে অথবা Scroll Down করে মেনু থেকে সিলেক্ট করতে হবে। ধাপ-৬ : পেমেন্ট কোড <শিফট><পাসের সন><বোর্ড কোড><রোল নম্বর> ও মোবাইল নম্বর দিতে হবে। ধাপ-৭: সবকিছু ঠিক থাকলে আবেদন ফি এর পরিমাণ দিতে হবে (১৫০ টাকা, উভয় শিফটের জন্য ৩০০/- টাকা)। ধাপ-৮ : Pin Number চাইলে ঐ বিকাশ একাউন্টের পিন নম্বর প্রদান করতে হবে এবং টিপ দিয়ে ধরে রাখতে হবে। ধাপ-৯: Payment সফল হলে Successful SMS প্রদর্শিত হবে। পরবর্তী ব্যবহারের জন্য আপনার Payment Receipt ডাউনলোড করে রাখুন

আবেদনকারী যে শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, ঐ বোর্ডের নামের প্রথম তিন অক্ষর [যেমন: ঢাকা বোর্ডের বেলায় (DHA), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHA), কুমিল্লা (CUM), দিনাজপুর (DIN), যশোর (JAS), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (TEC), ময়মনসিংহ (MYM), উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (BOU), অন্যান্য - (OTH)] [বোর্ড কোড এবং ১ম শিফট হলে (A), ২য় শিফট হলে (B) এবং উভয় শিফট হলে (C) হবে।]

## ৬.০ টেলিটকের মাধ্যমে ফি জমা দেয়ার পদ্ধতি :

৬.১ টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে **BTAD** লিখে, স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পাসের সন লিখে স্পেস দিয়ে ভর্তির শিফটের নির্ধারণ অক্ষর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণঃ **BTAD <Space>XXX<Space>YYYYYY<Space>ZZZZ<Space>S** এখানে, **XXX** এর স্থলে আবেদনকারী যে শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর [যেমন, ঢাকা বোর্ডের বেলায় (DHA), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHA), কুমিল্লা (CUM), দিনাজপুর (DIN), যশোর (JAS), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (TEC)], ময়মনসিংহ (MYM), YYYYYY এর স্থলে আবেদনকারীর এস.এস.সি. পাসের রোল নম্বর ও ZZZZ এর স্থলে এস.এস.সি. পাসের সন এবং S-এর স্থলে 1ম শিফট (A), 2য় শিফট (B), উভয় শিফট (C) হবে।

৬.২ SMS-প্রেরণকারী আবেদনের যোগ্য হলে প্রার্থীর নাম, পিতার নাম, শিফট, একটি PIN নম্বর এবং পরীক্ষার ফি হিসেবে এক শিফটের জন্য 1৫০/- (একশত পঞ্চাশ) / উভয় শিফটের জন্য ৩০০/= (তিনশত) টাকা কেটে রাখার সম্মতি চেয়ে ফিরতি SMS দেয়া হবে। ফিরতি SMS মনোযোগের সাথে দেখে নিয়ে তথ্যাদি সঠিক থাকলে সম্মতি দিতে হবে। সম্মতি দেয়ার জন্য **BTAD<Space>YES<Space>PIN<Space>** যোগাযোগের **Mobile Number** লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। তবে যেকোন অপারেটরের একটি **Mobile Number** কেবলমাত্র একজন প্রার্থীর যোগাযোগের জন্য ব্যবহার করতে হবে। প্রার্থীকে **Money receipt** নম্বরসহ একটি ফিরতি SMS দেয়া হবে। উল্লেখ্য যে, **Money receipt** নম্বরটি নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে এবং **Money receipt** নম্বরটি পাওয়ার পরে অন-লাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

## ৭.০ আবেদন ফরম পূরণের ধাপ :

৭.১ [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) অথবা [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) অথবা [www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd) অথবা [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd) অথবা ওয়েবসাইটের Home page হতে “পলিটেকনিক-টিএসসি(ডিপ্লোমা) ভর্তি” বাটনে ক্লিক করে Application form Open করতে হবে।

৭.২ 1ম ধাপে আবেদনকারীর তথ্য, অনুচ্ছেদ নং '৩' এ উল্লেখিত যোগ্যতা অনুযায়ী সঠিক হলে এবং টেলিটক/রকেট/শিওরক্যাশ/বিকাশ এর মাধ্যমে ফি জমা দিতে হবে। সকল ভর্তির আবেদনকারীর ফলাফল সংশ্লিষ্ট বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে যাচাই করা হবে। ভুল তথ্য দিয়ে আবেদন ফি জমা দিলে অথবা ভর্তির আবেদন করলে, ফলাফলের জন্য বিবেচিত হবে না এবং আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৭.৩ ২য় ধাপে টেলিটক/রকেট/শিওরক্যাশ/বিকাশ এর SMS এর মাধ্যমে পাওয়া Transaction Code পূরণ করতে হবে। Transaction Code সঠিক হলে পরের ধাপে যেতে পারবে।

৭.৪ ৩য় ধাপে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং এখানে আবেদনকারীর ছবি (পরিষ্কার পাসপোর্ট সাইজের রঙিন ছবি JPEG Format-এ, এবং অনধিক 100 KB) আপলোড করতে হবে। এছাড়াও আবেদনকারীর কোন কোটা যুক্ত হলে সেই সংক্রান্ত document আপলোড করতে হবে।

৭.৫ ৪র্থ ধাপে সকল প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের টেকনোলজি ও শিফট প্রদর্শিত হবে এবং সেখান থেকে প্রতি শিফট এ অনধিক 1৫টি করে প্রতিষ্ঠান-টেকনোলজি পছন্দ করতে পারবে। উভয় শিফটের জন্য ৩০টি করে প্রতিষ্ঠান-টেকনোলজি পছন্দ করতে পারবে।

৭.৬ প্রতিষ্ঠান-টেকনোলজি পছন্দ শেষ হলে পরের ধাপে পছন্দকৃত সকল শিফট-প্রতিষ্ঠান-টেকনোলজি প্রদর্শিত হবে এবং এখানে আবেদনকারী তার পছন্দক্রম পরিবর্তন করতে পারবে।

৭.৬ অতঃপর আবেদনকারীকে তার সকল তথ্য, ছবি, পছন্দকৃত প্রতিষ্ঠান-টেকনোলজি এবং পছন্দক্রম প্রদর্শন করা হবে, এবং আবেদন সম্পন্ন করার সর্বশেষ অনুমতি চাওয়া হবে। আবেদন সম্পন্ন হলে আবেদনকারীর contact মোবাইলে SMS এর মাধ্যমে আবেদনের Application ID এবং Pin Number পাঠানো হবে। এই Application ID এবং Pin Number দিয়ে পরবর্তীতে আবেদনকারী তার আবেদনের তথ্যসমূহ সংশোধন করতে পারবে। Application ID এবং Pin Number গোপনীয়ভাবে লিখে রাখার জন্য অনুরোধ করা হলো। Pin Number হারিয়ে গেলে [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) লিংকে গিয়ে চাহিত তথ্য পূরণের মাধ্যমে Pin Number পুনরুদ্ধার করা যাবে।

## ৮.০ মেধা তালিকা প্রণয়ন :

এসএসসি পাসের রেজাল্ট, পছন্দের ক্রম, কোটা ও অন্যান্য প্রযোজ্য শর্তের ভিত্তিতে প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে।

## ৯.০ অপেক্ষমান তালিকা প্রণয়ন :

৯.১ মোট আসন সংখ্যা অনুযায়ী মেধা, পছন্দের ক্রম ও কোটাভিত্তিক তালিকা প্রণয়নের পাশাপাশি একটি অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হবে।

৯.২ মেধাক্রম অনুযায়ী ভর্তিকৃত প্রার্থী পছন্দের ক্রমানুসারে প্রতিষ্ঠান/টেকনোলজিভিত্তিক মাইগ্রেশনের সুযোগ পাবে। তবে শিক্ষার্থীরা পছন্দক্রম অনুযায়ী প্রতিষ্ঠান/টেকনোলজি ভর্তির সুযোগ পেলে ভর্তিচ্ছুক প্রার্থীদের মাইগ্রেশন বন্ধ করতে হবে। অন্যথায় অটোমাইগ্রেশন হলে কারিগরি শিক্ষা বোর্ড দায়ী থাকবে না।

৯.৩ মেধা তালিকা অনুযায়ী ভর্তির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর প্রতিষ্ঠান/টেকনোলজিভিত্তিক শূন্য আসনে অপেক্ষমান তালিকা হতে মেধা, পছন্দক্রম ও কোটার ক্রমানুসারে ভর্তি করা হবে।

## ১০.০ সরকার কর্তৃক নির্ধারিত কোটা :

১০.১ মহিলা কোটা-২০%; এস.এস.সি. (ভোকেশনাল)-1৫%; ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (ঢাকা, চট্টগ্রাম, বাংলাদেশ-সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউটের প্রতিটিতে ৪টি করে এবং অন্যান্য পলিটেকনিক ইনস্টিটিউট, ভিটিটিআই ও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে ২টি করে); মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ৫%, প্রতিবন্ধী শিক্ষার্থী কোটা ৫% এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তর/কারিগরি শিক্ষা/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের জন্য ২% কোটা সংরক্ষিত থাকবে।

১০.২ এস.এস.সি.সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদি ট্রেড কোর্স সম্পন্ন প্রার্থীদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ৫% কোটা সংরক্ষিত থাকবে। তবে আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ২২ বছর হতে হবে।

১০.৩ সরকার নির্ধারিত কোটায় আবেদনের প্রমাণপত্র : (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র (খ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র (মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি অনলাইন যাচাই-বাছাই করা হবে) এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান অথবা কাউন্সিলার কর্তৃক সম্পর্ক সনদ দাখিল করতে হবে (গ) শিক্ষা মন্ত্রণালয়/কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তর/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/প্রতিষ্ঠান প্রধানের সনদপত্র (ঘ) প্রতিবন্ধী শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র এবং (ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্সকারীদের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, আবেদনকারীর Application ID সম্বলিত প্রিন্ট আউটসহ আবেদনপত্র নির্ধারিত সময়সীমার মধ্যে “সরকারি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং -এ ভর্তি কোটায় আবেদন” লেখাসহ ডাকযোগে/সরাসরি প্রদর্শন পূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পিছনের ভবনের ২য় তলায় জনাব প্রকৌ. মো. মোস্তফা, ইভাস্টি লিয়াজো অফিসার বরাবর ২৭/০৮/২০২০খ্রি. তারিখের মধ্যে পৌছানো নিশ্চিত করতে হবে।

## ১১.০ শূন্য আসন পূরণ :

১১.১ ভর্তিকৃত কোন শিক্ষার্থী ক্লাস শুরু ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে ক্লাসে অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। উক্ত শূন্য আসন পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে।

১১.২ ভর্তির ক্ষেত্রে ২০% ড্রপ-আউট বিবেচনায় টেকনোলজিভিত্তিক প্রতি ধাপে আসন সংখ্যা ৫০(পঞ্চাশ) নির্ধারণ করা হয়েছে।

## ১২.০ ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি :

১২.১ অনলাইনে আবেদন ফরম পূরণ, ছবি সংযোজন, টেলিটক/রকেট/শিওরক্যাশ/বিকাশের মাধ্যমে আবেদন ফি প্রেরণসহ আনুষ্ঠানিক কার্যক্রম প্রার্থী নিজ দায়িত্বে সম্পন্ন করবে। প্রার্থী এ বিষয়ে কারো সহযোগিতা নিয়ে প্রতারণা হলে কর্তৃপক্ষ এর জন্য দায়ী থাকবে না। অত্র বোর্ডের আওতায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে স্ব স্ব অধ্যক্ষের তত্ত্বাবধানে ভর্তি সংক্রান্ত হেল্প ডেস্ক চালু থাকবে।

১২.২ ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে এবং ভর্তি নীতিমালা-২০২০ অনুযায়ী সম্পাদিত হবে।

১২.৩ যে কোন তথ্যের জন্য নিম্ন ঠিকানায় যোগাযোগ করা যাবে :

বুয়েট কল সেন্টার:  
মোবাইল:০১৭৬৮৬৫৪৯৪/০১৭০৬৫০৪১৭৯/০১৭০৬৫০৪১৬৯/০১৭০৬৫০৪২৭১/০১৭৬৮৬২২৪০/০১৭৬৮৭৫৫৯৩২  
[জাতীয় শোক দিবসে কল সেন্টার বন্ধ থাকবে। ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন সময়]

পরিচালক (কারিকুলাম)  
ও ভর্তি কমিটির সদস্য সচিব  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।